

# ডুয়েটে প্রথম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

প্রতিনিধি, গাজীপুর

: বুধবার, ২৪ জানুয়ারী ২০২৪



শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. এম. হাবিবুর রহমান

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট), গাজীপুর-এ ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামের প্রথম বর্ষের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন সম্পন্ন হয়েছে।

আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকেলে বিশ্ববিদ্যালয়ের শহীদ আহসান উল্লাহ মাস্টার অডিটোরিয়ামে এই ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. এম. হাবিবুর রহমান।

পরিচালক (ছাত্র কল্যাণ) অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের

সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুর রশীদ ও রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক। মঞ্চে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ ও বিভাগীয় প্রধানগণ।

ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ডুয়েটের বিভিন্ন বিভাগের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়।

অনুষ্ঠানে নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. এম. হাবিবুর রহমান বলেন, ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে তোমরা কৃতিত্বের স্বাক্ষর রেখেছ। এজন্য তোমাদেরকে জানাই অভিনন্দন ও আন্তরিক ধন্যবাদ। তোমাদের পদচারণায় এ বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণ আজ মুখরিত। তোমাদের আগামীর দিনগুলো আনন্দময় হোক। তিনি আরো বলেন, এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশ এবং দেশের বাইরে সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছে,

তোমরা তাদের উত্তরসূরী। তোমাদের সাফল্যের একমাত্র পথ হচ্ছে পরিশ্রম। কঠোর পরিশ্রম ছাড়া কোন কিছু অর্জন করা সম্ভব নয়।

তিনি আরো বলেন, তোমাদেরকে সৎ ও মানবিক মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। বিশ্ববিদ্যালয় ও দেশের নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিজেদের সংস্কৃতিকে ধারণ করে সু-নাগরিক ও দেশপ্রেমিক হয়ে গড়ে উঠতে হবে। গ্রোবলাইজেশনের এই যুগে পুরো পৃথিবীর গ্রাজুয়েটদের সঙ্গে তোমাদের প্রতিযোগিতা করতে হবে। এই প্রতিযোগিতায় টিকে থাকার জন্য তিনি শিক্ষার্থীদের দক্ষ ও যোগ্য হয়ে উঠার আহ্বান জানান।

তিনি আরো বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে সোনার বাংলা গড়ে তোলার স্বপ্ন দেখেছিলেন, তোমরা যেন সোনার মানুষ হয়ে সেই স্বপ্ন পূরণে অগ্রবর্তী হও। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধাসহ ১৪ ডিসেম্বরের সকল শহীদ বুদ্ধিজীবী ও মুক্তিযুদ্ধে সকল শহীদের প্রতি এবং ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও তাঁদের পরিবারের শাহাদাত বরণকারী সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধাসহ জাতীয় চার নেতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানান।

বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুর রশীদ নবীন শিক্ষার্থীদের প্রতি অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, তোমরা যেন সঠিক সময়ের মধ্যে কোর্স সম্পন্ন করে ভালো ফলাফল নিয়ে প্রকৌশলী হয়ে বের হয়ে কর্মের মাধ্যমে দেশের সেবা করতে পারো। তিনি শিক্ষার্থীদের সময়ানুবর্তি হয়ে শৃঙ্খলা মেনে গুরুত্বসহকারে পড়াশোনার আহ্বান জানান।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক নবীন শিক্ষার্থীদের প্রতি অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ডুয়েটের এই সুন্দর ক্যাম্পাসে তোমাদের পথচলা শুরু হলো। তোমরা কঠোর পরিশ্রম ও পড়ালেখা করে মেধা বিকাশের মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠা করবে এবং ডুয়েট ও দেশের সুনাম বয়ে আনবে।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে পরিচালক (ছাত্র কল্যাণ) অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন ডুয়েট ছাত্রলীগের সভাপতি মো. মিজানুর রহমান মিঠুন ও সাধারণ সম্পাদক মো. মাহামুদ হাসান মান্না। এছাড়া নবীন শিক্ষার্থীর পক্ষে প্রথম বর্ষের দুজন শিক্ষার্থী অনুভূতি ব্যক্ত করেন ও ডুয়েট লাইব্রেরির রিসোর্স নিয়ে একটি প্রেজেন্টেশন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন দপ্তরের পরিচালক, হল প্রভোস্ট, অফিস প্রধানগণ এবং শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## শীর্ষ সংবাদ

‘শরীফার গল্প’ বাদ দিতে আইনি নোটিশ

ঢাবীর নতুন উপ-উপাচার্য অধ্যাপক  
ড. সীতেশ চন্দ্র বাহার

সাংবাদিক নাদিম হত্যার প্রধান  
আসামি বাবুর জামিন স্থগিতই  
থাকল

নীতি-নির্ধারকরা চাইলে স্পষ্ট করা  
হবে: আইনমন্ত্রী

ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র  
উৎসবের শেষ দিনে আজ থাকছে  
'নোনা পানি'

নতুন বছরে প্রথম গানে জীবন-  
আনিসা

চিত্রনায়ক আরেফিন শুভর মা আর  
নেই

মুক্তির আগেই রাম চরণের সিনেমার  
আয় ৩০০ কোটি

মঞ্চে আসছে 'ক্রীতদাসের হাসি'

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করলেন  
শর্মিলা ঠাকুর

দুই নায়িকা নিয়ে আজ ফিরছেন  
আরজু

দেশের সর্বনিম্ন তাপমাত্রায় কাঁপছে  
দিনাজপুর

'শরীফ থেকে শরীফা' নিয়ে বিকেলে  
বসছে তদন্ত কমিটি

প্রধানমন্ত্রীর সঙ্গে চীনের প্রতিনিধি  
দলের সৌজন্য সাক্ষাৎ

বড়পুকুরিয়া কয়লাখনির ৮৬ জনের  
নিয়োগ প্রক্রিয়া শুরুর নির্দেশ

সব বন্দিকে জীবিত ফিরিয়ে আনার  
প্রতিশ্রুতি দেব না: ইসরায়েলি মন্ত্রী

হামজার বিরুদ্ধে মদ্যপ হয়ে গাড়ি  
চালানোর অভিযোগ

মিস জাপান বিজয়ীকে নিয়ে বিতর্ক

তাইওয়ান প্রণালীতে যুদ্ধজাহাজ  
পাঠাল যুক্তরাষ্ট্র

যে কারণে ভারতের বিপক্ষে ৩  
স্পিনার খেলাচ্ছে ইং